

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮৬৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাথার চুল ছোটকারীর চেয়ে মাথা মুন্ডনকারীর জন্য বেশি দু'আ করেছেন মর্মে বর্ণনা

ذِكْرُ دُعَاءِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْمَغْفِرَةِ لِلْمُحَلِّقِينَ أَكْثَرَ مِمَّا دَعَا لِلْمُقَصِّرِينَ

আরবী

3869 – أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نَافِعٍ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (اللَّهُمَّ ارْحَمِ الْمُحَلِّقِينَ) قَالُوا: وَالْمُقَصِّرِينَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (اللَّهُمَّ ارْحَمِ الْمُحَلِّقِينَ) قَالُوا: وَالْمُقَصِّرِينَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (وَالْمُقَصِّرِينَ)

الراوي: ابن عمر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3869 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (1728): ق.

বাংলা

৩৮৬৯. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, (اللَّهُمَّ ارْحَمِ الْمُحَلِّقِينَ (হে আল্লাহ, আপনি মাথা মুন্ডনকারীদের প্রতি রহম করুন)।" সাহাবীগণ বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, চুল খাটোকারীদের!” তিনি আবারো বলেন, (اللَّهُمَّ ارْحَمِ الْمُحَلِّقِينَ (হে আল্লাহ, আপনি মাথা মুন্ডনকারীদের প্রতি রহম করুন)।" সাহাবীগণ আবারো বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, চুল খাটোকারীদের!” তিনি এবার বলেন, [এবং চুল খাটোকারীদের প্রতিও (রহম করুন)]।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৯৫; মুসনাদ আহমাদ: ২/৭৯; সহীহুল বুখারী: ১৭২৭; সহীহ মুসলিম: ১৩০১; আবু

দাউদ: ১৯৭৯; বাগাবী: ১৯৬৩; সুনান বাইহাকী: ৫/১০৩; আত তায়ালিসী: ১৮৩৫; দারেমী: ২/৬৪; তিরমিযী: ৯১৩; ইবনু মাজাহ: ৩০৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২৯২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।
আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭২৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93208>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন